দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 03 APR 1982
পৃষ্ঠা 1 কলাম 3

017

# সরকার পরীক্ষা কেন্দ্রকে নকলের কেন্দ্র হতে দেবে না : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গতকাল বৃহস্পতিবার বলেছেন, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের চেষ্টায় নিয়োজিত মুষ্টিমেয় লোকের কাছে সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আত্মসমর্পণ করবে না। তিনি বলেন, শৃংখলা বিঘ্নকারীদের সাথে সমঝোতার কোন প্রশ্নই ওঠে না।

গতকাল তার অফিসকক্ষে বাসস'র সাথে এক সাক্ষাৎকারে মন্ত্রী বলেন, কোন অবস্থাতেই সরকার পরীক্ষা কেন্দ্রসমূহে নকলের কেন্দ্র চালু হতে দেবে না।

তিনি বলেন, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের সুবিধা অথবা অকৃতকার্য পরীক্ষার্থীকে পাস বলে ঘোষণার দাবী তোলা উচিত নয়। এ ধরনের দাবী কার্যতঃ কোনরকম পরীক্ষা-নিরীক্ষা ছাড়া অবাধ লাইসেন্সের মত, সার্টিফিকেট ইস্যু করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহ্বান জানানোর শামিল।

তিনি অবশ্য বলেন যে, বিপুল সংখ্যাগরিষ্ঠ ছাত্র, শিক্ষক ও অভি-

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## শিক্ষামন্ত্রী

( ১ম পাতার পর )

ভাবক এ ধরনের দাবী ও প্রবণতা বিরোধী। সরকার তাদের স্বার্থরক্ষা করতে দৃঢ়প্রতিজ্ঞ বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষামন্ত্রী সতর্ক করে দিয়ে বলেন, যে সমস্ত পরীক্ষা কেন্দ্রে সহিংসতা ও বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে পরিবেশ দূষিত করা হয়েছে সে সব কেন্দ্র বাতিল করা হবে। প্রয়োজনে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কমানো হবে।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয় ও কলেজ স্তরে সেমিস্টার পদ্ধতি চালুর প্রস্তাব সরকার বিবেচনা করে দেখতে পারেন।

সরকারী সিদ্ধান্তের পুনরুল্লেখ করে মন্ত্রী বলেন, শিগগিরই বিজ্ঞ ব্যক্তিদের নিয়ে একটি জাতীয় শিক্ষা কমিটি গঠন করা হবে।